

প্রথান মন্ত্রী জীবন জ্যোতি বীমা যোজনা বিধি

প্রকল্পের বিস্তারিত বিবরণ:

এটি একটি এক বছরের বীমা প্রকল্প এবং পরবর্তী প্রতি বছর পুনর্বীকরণ যোগ্য, যাহা মৃত্যুর কারণ ব্যতিরেকেই প্রযোজ্য। এই জীবন বীমা ভারতীয় জীবন বীমা নিগম (Life Insurance Corporation of India) অথবা অংশগ্রহণকারী ব্যাঙ্ক দ্বারা নির্দিষ্ট অন্য জীবন বীমা প্রতিষ্ঠান যুক্তভাবে প্রকল্পটি পরিচালনা করবে।

বীমা কভারেজ ব্যাপ্তি :

ব্যাঙ্কে সেভিংস এ্যাকাউন্ট আছে এমন যে কোন ব্যক্তি, যাহার বয়স ১৮ হইতে ৫০ বছরের মধ্যে, এই প্রকল্পে অংশগ্রহণ করতে পারবে। বিভিন্ন ব্যাঙ্কে অথবা শাখায় একাধিক এ্যাকাউন্ট আছে এমন যে কোন ব্যক্তির ক্ষেত্রে একটি মাত্র এ্যাকাউন্টের মাধ্যমেই প্রকল্পটিতে যোগদান গ্রাহ্য বলিয়া বিবেচিত হইবে।

প্রকল্পটিতে যোগদান কাল :

প্রাথমিকভাবে শুরুতে প্রকল্পটি ১লা জুন ২০১৫ হইতে ৩১ শে মে ২০১৬ -এই সময়ের জন্য বলবৎ থাকিবে এবং বীমাকারীকে ৩১ শে ২০১৫-এর মধ্যে অটো-ডেবিট ঘোষণা পত্রের মাধ্যমে নিজ ব্যাঙ্কে নাম নথিভুক্ত করিতে হইবে।

প্রতি বছর বীমা পুনর্বীকরনের জন্য উৎসুক ব্যক্তিগণকে অটো-ডেবিট ঘোষণা পত্রে এই মর্মে অনুমতি প্রদান করিতে হইবে।

প্রকল্পটিতে বিলম্বিত যোগদান ৩১ শে আগস্ট ২০১৫-এর ভিত্তির সম্ভব যাহা ভবিষ্যতে ভারত সরকার দ্বারা পুনরায় তিন মাস (৩০ শে নভেম্বর ২০১৫) পর্যন্ত বর্দিত হইতে পারে এবং ইচ্ছুক ব্যক্তি, ভাল স্বাস্থ্যের অধিকারী এই মর্মে স্বয়়োষিত পত্র এবং পূর্ণ বাংসরিক প্রিমিয়াম প্রদান করিয়া বিলম্বে যোগ দিতে পারিবে।

যোগদান পদ্ধতি:

প্রাথমিক ভাবে শুরুতে প্রকল্পটি ১লা জুন ২০১৫ হইতে ৩১ শে মে ২০১৬ -এই সময়ের জন্য বলবৎ থাকিবে এবং বীমাকারীকে ৩১ শে মে ২০১৫-এর মধ্যে অটো-ডেবিট ঘোষণা পত্রের মাধ্যমে নিজ ব্যাঙ্কে নাম নথিভুক্ত করিতে হইবে।

প্রতি বছর বীমা পুনর্বীকরনের জন্য উৎসুক ব্যক্তিগণকে অটো-ডেবিট ঘোষণা পত্রে প্রতি বছর ৩১ শে মে ২০১৫ এই মর্মে অনুমতি প্রদান করিতে হইবে।

এই প্রকল্পে নির্দিষ্ট সময়ের ভিত্তির যোগদান অথবা নবীকরণ না করাইলে, ইচ্ছুক ব্যক্তি, ভাল স্বাস্থ্যের অধিকারী এই মর্মে স্বয়়োষিত পত্র এবং পূর্ণ বাংসরিক প্রিমিয়াম প্রদান করিয়া বিলম্বে যোগ দিতে পারিবে।

বীমা সুবিধা:

টা: ২,০০,০০০/- প্রদেয় যে কোন কারনে বিমাকারীর মৃত্যু হইলে।

প্রিমিয়াম:

বার্ষিক প্রিমিয়ামের হার টা: ৩৩০/- যাহা এককালীন বীমাকারীর ঘোষণা পত্রে উল্লিখিত এ্যাকাউন্ট হইতে অটো-ডেবিট করা হইবে ৩১ শে মে ২০১৫-এর মধ্যে।

প্রিমিয়ামের পরিমাণ বার্ষিক দাবী (Claim) অভিজ্ঞতার উপর ভিত্তি করে পর্যালোচনা করা হবে। তবে, অভাবিত /অপ্রত্যাশিত প্রাকৃতিক পরিস্থিতি ব্যতিরেকে প্রথম তিন বছরে প্রিমিয়ামের পরিমাণ বর্দিত না করানোর প্রচেষ্টা থাকিবে।

যোগদানের শর্ত:

ক) ব্যাঙ্কে সেভিংস এ্যাকাউন্ট আছে এমন যে কোন ব্যক্তি, যাহার বয়স ১৮ হইতে ৫০ বছরের মধ্যে, এবং ঘোষণা পত্রের মাধ্যমে নিজ এ্যাকাউন্ট হইতে অটো-ডেবিট করার অনুমোদন প্রদান করিবে, তাঁহারাই এই প্রকল্পে অংশগ্রহণ করিবার যোগ্য বলিয়া বিবেচিত হইবে।

খ) প্রকল্পটিতে বিলম্বিত যোগদান ৩১ শে আগস্ট ২০১৫-এর ভিত্তির সম্ভব যাহা ভবিষ্যতে ভারত সরকার দ্বারা পুনরায় তিন মাস (৩০ শে নভেম্বর ২০১৫) পর্যন্ত বর্দিত হইতে পারে এবং ইচ্ছুক ব্যক্তি, ভাল স্বাস্থ্যের অধিকারী এবং নির্দিষ্ট কোন জটিল রোগ হয় নাই এই মর্মে স্বয়়োষিত পত্র এবং পূর্ণ বাংসরিক প্রিমিয়াম প্রদান করিয়া বিলম্বে যোগ দিতে পারিবে।

বীমা মাট্টার পলিসি:

বীমা মাট্টার পলিসি অংশগ্রহণকারী ব্যাঙ্কের নামে থাকিবে।

একটি সহজ এবং গ্রাহকবান্ধব প্রশাসন ও দাবি নিষ্পত্তির প্রক্রিয়া, বীমা প্রতিষ্ঠান এবং অংশগ্রহণকারী ব্যাঙ্কের আলোচনার মাধ্যমে চূড়ান্ত হইবে।

জীবন বীমাকৃত সদস্যের জীবন বীমা সীমাবদ্ধতা:

জীবন বীমাকৃত সদস্যের জীবন বীমা কভারেজ বিনষ্ট হইতে পারে নিম্নলিখিত যে কোন একটি কারনের জন্য:

- ক) বীমাকারী ৫৫ বছর বয়সে উপনীত হইলে।
- খ) বীমাকারীর সেভিংস এ্যাকাউন্ট বন্ধ হয়ে গেলে অথবা ঐ এ্যাকাউন্টে প্রিমিয়াম পদানের জন্য প্রয়োজনীয় অর্থ না থাকিলে।
- গ) কোন বীমাকারীর একাধিক এ্যাকাউন্ট থাকিলে এবং ভূলক্রমে বীমা প্রতিষ্ঠানের নিকট একাধিক প্রিমিয়াম জমা হলেও জীবন বীমা প্রতিষ্ঠান কতৃক প্রদেয় অর্থ টা: ২,০০,০০০/- (টা: দুই লক্ষ মাত্র)-তে সীমাবদ্ধ থাকিবে এবং জমা অধিক প্রিমিয়াম অর্থ বাজেয়াপ্ত হইবে।
- ঘ) অংশগ্রহনকারী ব্যাঙ্ক নিয়মিত যোগদানকারীদের প্রদেয় প্রিমিয়াম অর্থ প্রতি বছর ৩০ শে জুন-এর ভিত্তর নির্দিষ্ট জীবন বীমা প্রতিষ্ঠানের নিকট পাঠাইবেন।

প্রসাশন:

ভারতীয় জীবন বীমা নিগম (Life Insurance Corporation of India) অথবা অন্যান্য জীবন বীমা প্রতিষ্ঠান এবং অংশগ্রহনকারী ব্যাঙ্ক যুক্তভাবে প্রকল্পটি পরিচালনা করবে।

অংশগ্রহনকারী ব্যাঙ্ক নিয়মিত যোগদানকারীদের প্রদেয় অটো-ডেবিট প্রাপ্ত প্রিমিয়াম অর্থ প্রতি বছর ৩০ শে জুন-এর ভিত্তর নির্দিষ্ট জীবন বীমা প্রতিষ্ঠানের নিকট পাঠাইবেন।

স্বীকৃতি-রাসিদ (Acknowledgement Receipt) বীমাকারীদের প্রদেয় বীমা-স্বীকৃতি-কাম-সার্টিফিকেট (Acknowledgement Slip-cum-Certificate of Insurance) ব্যবহৃত হইবে।

অভিজ্ঞতার উপর ভিত্তি করে প্রকল্পটির বাণসরিক পর্যালোচনা করা হবে।

প্রিমিয়ামের উপযোজন:

- ক) প্রতি বছর প্রতি বীমাকারী বাবদ টা: ২৮৯/- বীমা প্রতিষ্ঠানের প্রাপ্ত্য
- খ) প্রতি বছর প্রতি বীমাকারী বাবদ টা: ৩০/- ব্যাঙ্ক মিত্রের প্রাপ্ত্য
- গ) প্রতি বছর প্রতি বীমাকারী বাবদ টা: ১১/- অংশগ্রহনকারী ব্যাঙ্কের প্রাপ্ত্য

প্রাথমিক ভাবে প্রকল্পটি শুরু ১লা জুন ২০১৫ হইতে ৩১ শে মে ২০১৬ -এই সময়ের জন্য বলবৎ থাকিবে এবং পুনর্বিকরণ বলবৎ হইবে পরবর্তী প্রতি বছর ১ লা জুন হইতে।

প্রকল্পটি ভবিষ্যত পরিস্থিতির প্রয়োজনে পূর্ব ঘোষিত পুনর্বিকরণ তারিখের প্রবর্তনের পূর্বে বন্ধ হইতে পারে।